



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## জরুরি বিজ্ঞপ্তি

নং- ৫১২/বিদ্যালয়-১/সাধারণ/৪০৪৮২

তারিখ : ১২/১২/২০১৮

বিষয় : শিক্ষা প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি/এডহক কমিটির সভাপতির দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১১/১২/২০১৮ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.২৮৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে জাতীয় সংসদ নির্বাচন সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের ১১/১২/২০১৮ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.২৮৮ মোতাবেক বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ৩১/১০/২০১৮ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা এর ১৪(২) এবং ১৪(৪) ধারায় নির্দেশনা রয়েছে। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তার মনোনীত প্রতিনিধিগণ যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি/এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্বরত আছেন, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতি হিসেবে বিভাগীয় শহরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, জেলা শহরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, উক্ত নির্দেশনা যথাযথ প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি : শিক্ষা মন্ত্রণালয়ের কপি

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



প্রফেসর প্রীতিশকুমার সরকার


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ :

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৩। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৪। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.২৮৮

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৫

১১ ডিসেম্বর ২০১৮

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি এর সভাপতির দায়িত্ব পালন।

সূত্র: অত্র বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৫.১৬.১২০.১৮-৪৮৪, তারিখ: ২৫ নভেম্বর ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ৩১ অক্টোবর ২০১৮ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা এর ১৪ (২) এবং ১৪ (৪) ধারা অনুযায়ী:

ধারা ১৪ (২): “সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি তাহার নিজের বা অন্যের পক্ষে নির্বাচনী প্রচারণায় সরকারি যানবাহন, সরকারি প্রচারযন্ত্রের ব্যবহার বা অন্যবিধ সরকারি সুবিধাভোগ করিতে পারিবেন না এবং এতদুদ্দেশ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তা-কর্মচারী বা কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বা কর্মকর্তা-কর্মচারীকে ব্যবহার করিতে পারিবেন না।”

ধারা ১৪ (৪): “কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্যদে পূর্বে সভাপতি বা সদস্য হিসাবে নির্বাচিত বা মনোনীত হইয়া থাকিলে বা তদ্ব্যতীত কোন মনোনয়ন প্রদত্ত হইয়া থাকিলে নির্বাচন-পূর্ব সময়ে তিনি বা তদ্ব্যতীত মনোনীত ব্যক্তি উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন সভায় সভাপতিত্ব বা অংশগ্রহণ করিবেন না অথবা উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন কাজে জড়িত হইবেন না।”

০২। এমতাবস্থায়, জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা অনুযায়ী একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে বিবেচনায় রেখে নির্বাচন কমিশনের সিদ্ধান্তের ধারাবাহিকতায় নির্বাচন পর্যন্ত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তার মনোনীত প্রতিনিধিগণ যে সকল প্রতিষ্ঠানে গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটি/এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্বরত আছেন সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হিসেবে বিভাগীয় শহরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, জেলা শহরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার দায়িত্ব পালন করবেন।



১১-১২-২০১৮

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds\_sec2@moedu.gov.bd

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা  
ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.২৮৮/১(৬)

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৫